

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৪। খাবার সময় খাবার প্রস্তুত হয়ে গেলে এবং সলাতের সময় এসে উপস্থিত হলে আগে খাবার খাবেন, তারপর সলাতে যাবেন। যাতে সলাতের একাগ্রতা নষ্ট না হয়।

মহানবী (ﷺ) বলেন, “নামাযের ইকামত হলে এবং রাতের খানা উপস্থিত হলে, আগে খানা খেয়ে নাও।”[1]

ইবনে উমার (রাঃ) বলেন, রসূলুল্লাহ (ﷺ) বলেন-

إِذَا كَانَ أَحَدُكُمْ عَلَى الطَّعَامِ فَلَا يَعْجَلَنَّ حَتَّى يَفْضِيَ حَاجَتَهُ مِنْهُ وَإِنْ أُقِيمَتِ الصَّلَاةُ

‘যখন কেউ খেতে বসবে তখন খাওয়া শেষ না করা পর্যন্ত সে যেন তাড়াহুড়া না করে; যদিও নামাযের ইকামত হয়ে যায় তবুও।’[2]

ফুটনোট

[1]. আহমাদ, বুখারী, মুসলিম, সহীহুল জা’মে হা/৩৭৪

[2]. সুনানুল বাইহাক্কী আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৫২৪২

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6959>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন